

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৪৫৩

মুসনাদে উসমান বিন আফফান (রাঃ) [উসমানের বর্ণিত হাদীস] (مسند عثمان بن عفان)

আরবী

حَدَّثَنَا حَسَنُ بْنُ مُوسَى، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ لَهِيْعَةَ، حَدَّثَنَا أَبُو قَبِيلٍ، قَالَ: سَمِعْتُ مَالِكََ بْنَ عَبْدِ اللَّهِ الزَّبَادِيَّ، يُحَدِّثُ عَنْ أَبِي ذَرٍّ: أَنَّهُ جَاءَ يَسْتَأْذِنُ عَلَى عُثْمَانَ بْنِ عَفَّانَ، فَأَذِنَ لَهُ وَيَدِهِ عَصَاهُ، فَقَالَ عُثْمَانُ: يَا كَعْبُ، إِنَّ عَبْدِ الرَّحْمَنِ تُوْفِّيَ وَتَرَكَ مَالًا، فَمَا تَرَى فِيهِ؟ فَقَالَ: إِنْ كَانَ يَصِلُ فِيهِ حَقُّ اللَّهِ فَلَا بَأْسَ عَلَيْهِ. فَرَفَعَ أَبُو ذَرٍّ عَصَاهُ فَضْرَبَ كَعْبًا، وَقَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَا أَحَبُّ لَوْ أَنَّ لِي هَذَا الْجَبَلَ نَهَبًا أَنْفَقَهُ وَيَتَقَبَّلُ مِنِّي، أَدْرُ خَلْفِي مِنْهُ سِتَّ أَوْاقٍ أَنْشُدَكَ اللَّهُ يَا عُثْمَانُ، أَسَمِعْتَهُ - ثَلَاثَ مَرَّاتٍ - ؟ قَالَ: نَعَمْ

ইসনাদে ضعیف لضعف ابن لهيعة، وجهالة مالك بن عبد الله الزبادي وهو في " فتوح مصر " ص 286 من طريق ابن لهيعة، بهذا الإسناد. وفيه البردادي وسيأتي المرفوع منه بنحوه في مسند أبي ذر 5 / 52 و 160 - 161

বাংলা

৪৫৩। আবু যার বলেন, তিনি উসমান বিন আফফানের কাছে এসে ভেতরে যাওয়ার অনুমতি চাইলেন। উসমান তাকে অনুমতি দিলেন। তখন তার হাতে তার লাঠি ছিল। উসমান বললেন, হে কা'ব, (কাব সম্ভবতঃ আগে থেকে ভেতরে ছিলেন) আবদুর রহমান মারা গেছে। সে কিছু সম্পত্তি রেখে গেছে। এখন তুমি সে বিষয়ে কী করণীয় মনে কর? কা'ব বললেন, সে যদি ঐ সম্পত্তি থেকে আল্লাহর হক প্রদান করে থাকে তাহলে তার ওপর আর কোন দাবী নেই। আবু যার তার লাঠি তুললেন এবং কা'বকে প্রহার করলেন। তিনি বললেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, আমার যদি এই পাহাড় সমান সম্পত্তি থাকে যা আমি খরচ করতে পারি এবং আমার কাছ থেকে গ্রহণ করা হয়, তবে তা থেকে ছয় উকিয়া পরিমাণও রেখে যাওয়া আমি পছন্দ করি না। হে উসমান, আমি আপনাকে আল্লাহর কসম দিয়ে জিজ্ঞাসা করি, আপনি কি এ কথা শুনেছেন। (আবু যার তিন বার বললেন) উসমান জবাব দিলেন, হ্যাঁ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=63277>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন